গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ০৭/০৯/২০১৫ তারিখে অনুষ্ঠিত ৫ম সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক (দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান ঃ পরিচালকের অফিস কক্ষ।

তারিখ ও সময় ঃ ০৭ সেপ্টেম্বর ২০১৫ ; দুপুর ০৩:০০ টা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত ঃ

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সদস্য, ইনোভেশন টিম বিগত সভার (৪র্থ সভার) কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীটিতে কোন সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। তিনি সভাকে অবহিত করেন যে, বিগত সভার সুপারিশ মাফিক ওয়েব পেজ তৈরী করার লক্ষ্যে বাস্তবায়ন শাখা থেকে জাতীয় যুব পুরুস্কার প্রাপ্তদের তালিকা (১৯৮৬-২০১৪) পাওয়া গেছে। কিন্তু সকল যুব/যুব মহিলার ছবি পাওয়া যায় নাই। প্রকাশনা শাখা থেকে ওয়েব পেজ প্রস্তুতের তথ্য উপাত্ত পাওয়া গেছে। প্রশিক্ষণ শাখা হতে আগামী সাতদিনের মধ্যে তাদের তথ্য উপাত্ত (বাংলা ও ইংরেজী ভার্সণে)সরবরাহ করা হবে জানানো হয়েছে। চলতি মাসে কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রের ওয়েব পেজটি আপডেট করা হয়েছে। পাশাপাশি A2I প্রকল্পের তত্ত্বাবধানে বাস্তবায়নাধীন জাতীয় ওয়েব পোর্টালে যুব উন্নয়ন অধিদপ্তর সংযুক্ত হয়েছে এবং পোর্টালটি অধিদপ্তরের তথ্য উপাত্ত দ্বারা সাজানো হচ্ছে। খুব শীঘ্রই (অক্টোবর'১৫ মাসের মধ্যে) অত্র অধিদপ্তরের পূর্বের ওয়েবসাইটের স্থলে পোর্টালটি Launch করা হবে বলে আশা করা যায়।

২। সভাপতির পরামর্শক্রমে ইনোভেশন টিমের ১ম সভায় গৃহীত ৯টি কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা করা হয়। কর্মপরিকল্পনা অনুযায়ী ৪টি ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে, ৪টি প্রক্রিয়াধীন রয়েছে এবং কর্মপরিকল্পনার অংশহিসাবে অক্টোবর'১৫ মাসে জামালপুর জেলায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের মধ্য হতে বাছাই করে (২০জনকে) ৫দিনের কম্পিউটার রিফ্রেসার প্রশিক্ষণ কোর্স আয়োজন করতে উপ-পরিচালকে পরামর্শ ও নির্দেশনা প্রদানের বিষয়ে আলোচনায় ঐকমত্য হয়।

৩। ইনোভেশন টিমের কাজকে গতিশীল করার লক্ষ্যে টিমের ১জন সদস্যকে ফোকাল পয়েন্ট মনোনীত করা প্রয়োজন বলে আলোচিত হয়। আলোচনায় মত প্রকাশ করা হয় যে, জনাব সালেহ্ উদ্দিন আহমেদ,সহকারী পরিচালক (আইসিটি) ও সদস্য ইনোভেশন টিম বর্তমান এ কাজ করছেন বিধায় তাকে ফোকাল পয়েন্ট হিসাবে মনোনয়ন দেয়া যায়। বিস্তারিত আলোচনায় সুপারিশ গৃহীত হয় যে, জনাব সালেহ্ উদ্দিন আহমেদ,সহকারী পরিচালক (আইসিটি) ও সদস্য ইনোভেশন টিম, এ টিমের ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করবেন। তবে তাকে সকল সদস্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। ফোকাল পয়েন্ট ইনোভেশন বিষয়ক যে কোন তথ্য, সভায় যোগদান, সভা আহবান ও করণীয় বিষয়ে ইনোভেশন অফিসারের পরামর্শ গ্রহণ করবেন। তিনি সভায় গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবেন।

৪। আগামী ১৪/০৯/২০১৫খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিতব্য "নাগরিক সেবায় উদ্ভাবন" বিষয়ক সেমিনারে অংশগ্রহণের লক্ষ্যে প্রাক প্রস্তুতি সভা অদ্য ১১.০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইনোভেশন টিমের করণীয় নির্ধারণ করা হয় যাহা পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

সুপারিশ ঃ

১। আগামী ১০/০৯/২০১৫খ্রিঃ তারিখের মধ্যে এটুআই কার্যক্রমের মাধ্যমে ইনোভেশন বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত ৮২ জন কর্মকর্তার নিকট ইনোভেশনের আইডিয়া সংগ্রহের জন্য পত্র দেয়া হবে।

২। মাঠ পর্যায়ে ইনোভেশন আইডিয়া বাস্তবায়নকারী ২৬ জন কার্মকর্তাকে নিয়ে ১ দিনের একটি কর্মশালা আগামী ০৪/১০/২০১৫খ্রিঃ তারিখে আয়োজন করা হবে।

৩। ইনোভেশন আইডিয়া বাছাইকরণের জন্য মধ্য নভেম্বরের মধ্যে একটি এক্সপার্ট টিম তৈরী করা হবে।

৪। প্রতিটি অফিসে কর্মকর্তাদের তাদের Innovative চিন্তা এই সেলে পাঠানোর অনুরোধ জানিয়ে পত্র দিতে হবে।

৫। মাঠ পর্যায়ের ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণের লক্ষ্যে ইনোভেশন টিমের সদস্যদের সমন্বয়ে নিম্নোক্তভাবে ৩টি টিম করার সুপারিশ গৃহীত হয়। A2I এর আমন্ত্রণক্রমে পর্যায়ক্রমে টিমের সদস্যগণ মাঠ পর্যায়ে ভ্রমণ করে ইনোভেশন কার্যক্রম প্রত্যক্ষ ও প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ পরবর্তী কার্যব্যবস্থা নিশ্চিত করবেন।

টিম নং- ১	ক	জনাব মাসুদা আকন্দ, উপপরিচালক(প্রশিক্ষণ)।
	খ	জনাব মোঃ শাহীনূর রহমান, সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)।
টিম নং-২	ক	জনাব মোঃ আব্দুর রেজ্জাক, প্রোগ্রামার।
	খ	জনাব সালেহ্ উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক (আইসিটি)।
টিম নং-৩	ক	জনাব সৈয়দ আবদুল কাইয়ুম, উপপরিচালক(চঃ দাঃ), পরিকল্পনা।
	খ	জনাব মোঃ ফরহাত নূর, উপপরিচালক(চঃ দাঃ), দাঃ বিঃ ও ঋণ ।

অতঃপর, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

১৪.০৯.১৫

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩।

স্মরক নং- ৩৪.০১.০০০০.০০৮.৩১.০১৭.১৫- ৪৮ তারিখঃ ১৪/০৯/২০১৫খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ঃ

১। চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক-----------------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩। জনাব-- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর , ঢাকা।
৫। সংশ্লিষ্ট নথি।

(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক(আইসিটি) ও
সদস্য, ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮।
e-mail: ictdyd@gmail.com

দৃঃ আঃ- সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

পরিশিষ্ট-"ক"

০৭/০৯/২০১৫ তারিখ দুপুর ০৩.০০টায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা ঃ

(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১.	জনাব মোঃ আব্দুর রেজ্জাক উপপরিচালক (প্রোগ্রামার)	অস্পষ্ট
২.	জনাব মাসুদা আকন্দ উপপরিচালক(প্রশিক্ষণ)	অস্পষ্ট
৩.	জনাব সৈয়দ আবদুল কাইয়ুম উপপরিচালক(পরিকল্পনা) চঃ দাঃ	অস্পষ্ট
৪.	জনাব মোঃ ফরহাত নূর উপপরিচালক (দাঃ বিঃ ও ঋণ) চঃদাঃ	অস্পষ্ট
৫.	জনাব মোঃ শাহীনুর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	অস্পষ্ট
৬.	জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি)	অস্পষ্ট